**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড**
**(বিডিবিএল)**
**হেড অফিস, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

নং- ০৬.১/৬২.০০/খন্ড-৫/২১০/২০২২/ ৫৮৭৪(২০৮)

তারিখ: ২৫ সেপ্টেম্বর, ২০২২
১০ আশ্বিন, ১৪২৯

# স্মারকলিপি

**বিষয়: ব্যাংকে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ-কে ব্যাংকিং ডিপ্লোমা ডিগ্রী অর্জন প্রসঙ্গে।**

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল)-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ-কে ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণ করা বিষয়ক ব্যাংকের ০৪.১১.২০২০ তারিখের স্মারকলিপি নম্বর: ২০/২০২০ (কপি সংযুক্ত) এর পরামর্শসমূহ সংশ্লিষ্ট সকল-কে পরিপালন করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল।

২। এ প্রেক্ষিতে, বর্তমান প্রতিযোগীতামূলক ব্যাংকিং সেক্টরে সফলভাবে টিকে থাকতে ও অধিকতর দক্ষ ও প্রায়োগিক জ্ঞানসম্পন্ন কর্মকর্তা/ কর্মচারী গড়ে তোলার লক্ষ্যে এতদসংক্রান্ত বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত অনুশাসন প্রদান করা হ'ল:

ক. ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার গুরুত্ব অনুধাবনপূর্বক ব্যাংকের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী-কে দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এর ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণ করত: উত্তীর্ণ হতে হবে;

খ. ভবিষ্যতে পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতি নীতিমালা-২০২০ এর ১.০১(ঙ) ও ২.০১ (ঘ) ধারাতে উল্লিখিত অতিরিক্ত ডিগ্রী হিসেবে ব্যাংকিং ডিপ্লোমা ১ম পর্ব (JAIBB) ও ২য় পর্ব (DAIBB) পরীক্ষায় প্রতি পর্বের জন্য বরাদ্দকৃত ৩ (তিন) নম্বর অর্থাৎ মোট ৬ (ছয়) নম্বর বিশেষ নিয়ামক বা অগ্রাধীকার রূপে বিবেচিত হবে; এবং

গ. ভবিষ্যতে পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতি নীতিমালা-২০২০ এর ১.০৩ ও ২.০২ ধারাতে উল্লিখিত নির্বাচন তালিকা হতে শুধুমাত্র জ্যেষ্ঠতার ক্রমানুসারে পদোন্নতি প্রদান সম্ভব নাও হতে পারে।

অনুমোদনক্রমে.

২৫/০৯/২০২২
(কবির আহমদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ফোন: ০২-২২৩৩৮৬৭৫০
ই-মেইল: hrm_head@bdbl.com

বিতরণ (শুধু BFTS-এ প্রেরিত):

১। সকল ডিপার্টমেন্ট/ ইনস্টিটিউট/ ইউনিট হেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ঢাকা।
২। জোনাল ম্যানেজার ও ম্যানেজার, সকল জোন ও ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
৩। জেনারেল ম্যানেজার মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং- ০৬.১/৬২.০০/খন্ড-০৩/১৫০/২০২০/৯৫০৯(১০০)

তারিখ: নভেম্বর ০৪, ২০২০ / কার্তিক ১৯, ১৪২৭

# স্মারকলিপি-২০/২০২০

**বিষয়: ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ-কে ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণ করা প্রসঙ্গে।**

দেশে বর্তমানে ৫৯ টি তফসিলি ব্যাংক ও ৩৪ টি নন-ব্যাংক ফিনান্সিয়াল ইনস্টিটিউশন কার্যক্রম পরিচালনা করছে, ফলে ব্যাংকিং সেক্টরটি পূর্বের যে কোন সময়ের তুলনায় অধিক প্রতিযোগিতাপূর্ণ। এই প্রতিযোগিতামূলক ব্যাংকিং সেক্টরে সফলভাবে টিকে থাকতে হ'লে এ সংক্রান্ত জ্ঞান ও সক্ষমতা অর্জন করা আবশ্যক, যার অন্যতম উপায় হচ্ছে ব্যাংকারবৃন্দের পেশাগত প্রশিক্ষণ/কোর্সে অংশগ্রহণ ও প্রফেশনাল শিক্ষা গ্রহণ করা।

০২। উল্লেখ্য, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক প্রতি বছর ২ (দুই) বার (শীত ও গ্রীষ্মকালীন) ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য দুই পর্বে ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা আয়োজন করা হয়। উক্ত পরীক্ষার মূল উদ্দেশ্য হ'ল ব্যাংকিং খাত সংশ্লিষ্ট মৌলিক জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংকারদের সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা বৃদ্ধি করা। ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা ব্যাংকিং সংক্রান্ত জ্ঞান লাভের পাশাপাশি ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত উৎকর্ষ অর্জনেও বিশেষ সহায়ক ভূমিকা রাখে। তাছাড়া, ব্যাংকিং ডিপ্লোমার প্রতিটি পর্বের প্রতিটি বিষয়ে নির্ধারিত নম্বর প্রাপ্ত ব্যাংকার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ-কে আইবিবি কর্তৃক পুরস্কৃত করা হয়।

০৩। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় বাংলাদেশ ব্যাংকের ১৩.১০.২০২০ তারিখে বিআরপিডি সার্কুলার নং- ১৮ এর আলোকে এবং অত্র ব্যাংকের পদোন্নতি নীতিমালার আওতায় অধিকতর দক্ষ ও প্রায়োগিক জ্ঞানসম্পন্ন কর্মকর্তা/কর্মচারী গড়ে তোলার লক্ষ্যে এতদসংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

(ক) পরিচালনা পর্ষদ অনুমোদিত বিদ্যমান পদোন্নতি নীতিমালায় অফিসার ও সমমানের পদ হতে জেনারেল ম্যানেজার ও সমমানের পদ পর্যন্ত প্রতিটি ধাপে পদোন্নতির ক্ষেত্রে বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ব্যাংকিং ডিপ্লোমা, ১ম পর্ব (JAIBB: Junior Associate of the Institute of Bankers, Bangladesh) ও ব্যাংকিং ডিপ্লোমা, ২য় পর্ব (DAIBB: Diplomaed Associate of the Institute of Bankers, Bangladesh) পরীক্ষায় উত্তীর্ণদের ক্ষেত্রে প্রতি পর্বের জন্য ৩ (তিন) নম্বর বরাদ্দ রাখা হয়েছে; এবং

(খ) ব্যাংকিং ডিপ্লোমা, ১ম পর্ব (JAIBB) ও ব্যাংকিং ডিপ্লোমা, ২য় পর্ব (DAIBB) পরীক্ষায় উত্তীর্ণদের-কে ব্যাংক কর্তৃক যথাক্রমে ২০,০০০.০০ ও ২৫,০০০.০০ টাকা হারে সম্মানী প্রদান করা হয়।

০৪। এমতাবস্থায়, প্রতিযোগীতামূলক ব্যাংকিং সেক্টরে সফলভাবে টিকে থাকতে সক্ষমতা বৃদ্ধিসহ পেশাগত উৎকর্ষ অর্জনে ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার গুরুত্ব অনুধাবন করে বিডিবিএল-এ কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ব্যাংকিং ডিপ্লোমা, ১ম পর্ব (JAIBB) ও ব্যাংকিং ডিপ্লোমা, ২য় পর্ব (DAIBB) পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশেষভাবে পরামর্শ প্রদান করা হ'ল।

অনুমোদনক্রমে.

০৪/১১/২০২০

(কবির আহমদ)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ফোন: ৯৫৫৬৭৫০

বিতরণ:

০১। সকল ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট/ইউনিট হেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।

০২। জোনাল ম্যানেজার ও ম্যানেজার, সকল জোন ও ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।

০৩। জেনারেল ম্যানেজার মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।

০৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।

০৫। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।

০৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।